# NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

اعرض هذه الوثيقة باللغة العربية / এই নথি বা ডক্যুমেন্টটি বাংলায় দেখুন /
查看本文件的中文版 / Consultez ce document en français / Gade dokiman sa a an kreyòl ayisyen /
이 문서를 한국어로 보기 / Consulte este documento en español /
یہ دستاویز اردو میں ملاحظہ کریں / Перевод документа на русский язык /
schools.nyc.gov/messagesforfamilies

## 4 ফেব্রুয়ারি, 2022

পরিবারের জন্য এই হালনাগাদ সংবাদ স্বাস্থ্য ও নিরাপত্তার নিয়মাবলী সম্পর্কে আমাদের সর্বশেষ তথ্য প্রদান করবে। এসব নিয়মাবলী সোমবার, 7 ফেব্রুয়ারি, 2022 থেকে কার্যকর হবে।

## বিষয়সূচি:


- COVID-19 পরীক্ষা
  - স্কুল-অভ্যন্তরে বর্ধিত COVID-19 পরীক্ষা
  - হোম টেস্ট কিট (বাড়িতে পরীক্ষার সামগ্রী)
  - COVID-19 পরীক্ষা কেন্দ্রসমূহ
- উপস্থিতি


## COVID-19 পরীক্ষা

### স্কুল-অভ্যন্তরে বর্ধিত COVID-19 পরীক্ষা

সিটির স্কুল-অভ্যন্তরে আমাদের নির্বিচারে নজরদারিমূলক পরীক্ষা কর্মসূচিতে আমরা যত সংখ্যক শিক্ষার্থীর পরীক্ষা গ্রহণ করি, মধ্য-শীতের ছুটির কথা আগাম ভেবে আমরা তার সংখ্যা বৃদ্ধি করছি। 7 ফেব্রুয়ারি থেকে শুরু করে স্কুলগুলো নিম্নলিখিত উভয়টির মধ্য থেকে অধিক সংখ্যকটির পরীক্ষা নেবে:

- গ্রেড 1 থেকে 12 পর্যন্ত স্কুলের মোট শিক্ষার্থীর শতকরা 10 জন, সর্বোচ্চ 250 শিক্ষার্থী পর্যন্ত
- প্রতিষেধক (ভ্যাকসিন) না নেওয়া শিক্ষার্থী জনগোষ্ঠীর শতকরা 20 জন

এই পরিবর্তন যেসব স্কুলে অধিক সংখ্যক ভ্যাকসিন গ্রহণকারী শিক্ষার্থী জনগোষ্ঠী রয়েছে, সেগুলোতে প্রতি সপ্তাহে অধিকসংখ্য শিক্ষার্থীর পরীক্ষা গ্রহণের সুযোগ দেবে। তদুপরি, প্রতি সপ্তাহে শতকরা 10 জন স্টাফ পরীক্ষা গ্রহণের অব্যাহতভাবে সক্ষম থাকবেন।

আমরা সকল পরিবারকে উৎসাহিত করছি যাতে তারা  NYC স্কুলস্ অ্যাকাউন্ট (schoolsaccount.nyc)-এর মাধ্যমে অথবা একটি সই করা কাগজের ফর্ম জমাদানের মাধ্যমে স্কুল-অভ্যন্তরে পরীক্ষা করায় সম্মতি প্রদান করেন। স্কুলে COVID-19 পরীক্ষা সম্পর্কিত তথ্য এবং বহু ভাষার সম্মতি ফর্ম-এর ছাপাযোগ্য সংস্করণ পাওয়া যাবে schools.nyc.gov/covidtestingওয়েবপেজ-এ।

স্কুল খোলা রাখা এবং আমাদের শিক্ষার্থী, স্টাফ, এবং আশেপাশের লোকদের সুরক্ষিত রাখার ক্ষেত্রে পরীক্ষা (COVID টেস্ট) একটি গুরুত্বপূর্ণ অংশ। যেসব পরিবার পরীক্ষার জন্য ইতোমধ্যে সম্মতি প্রদান করেছেন, সহযোগিতা প্রদানের এবং আমাদের স্কুল কমিউনিটিকে নিরাপদ রাখায় অংশীদারত্বের জন্য তাদেরকে ধন্যবাদ!

## হোম টেস্ট কিট

14 ফেব্রুয়ারিতে শুরু সপ্তাহ থেকে শুরু করে স্কুলগুলো সকল স্টাফ এবং দুই বা অধিক বছর বয়সী শিক্ষার্থীদের কাছে অ্যাট-হোম র‍্যাপিড টেস্ট কিট (বাড়িতে দ্রুত পরীক্ষার সামগ্রী) বিতরণ করবে।  আপনার টেস্ট কিটটি কীভাবে ব্যবহার করতে হবে, সেবিষয়ে আপনি বহু ভাষার ভিডিও schools.nyc.gov/HomeRapidTestKits-সাইটে দেখতে পারেন।

ভ্যাকসিন (প্রতিষেধক) দিয়েছেন কি না, সেটা বিবেচনা ব্যতিরেকে সকল স্টাফ ও শিক্ষার্থীদেরকে **28 ফেব্রুয়ারি তারিখে স্কুলে ফিরে আসার আগে** অ্যাট-হোম র্যাপিড টেস্ট কিট নিয়ে যেতে জোর সুপারিশ করছি। স্কুলে ফেরার অনুমোদন পেতে স্টাফ ও শিক্ষার্থীদের পরীক্ষার নিগেটিভ ফল লাভের প্রমাণ দেখানর বাধ্যবাধকতা নেই।

যদি আপনার সন্তান বাড়িতে নেওয়া কোনো পরীক্ষায় পজিটিভ ফল লাভ করে, তাহলে পজিটিভ ফল লাভ করার পর থেকে, আপনার সন্তান যদি K–12 গ্রেডের হয়, তাকে অবশ্যই 5 দিনের জন্য, যদি LYFE, আর্লিলার্ন - (ছোট্ট এবং হামাগুড়ি দেওয়া শিশু), 3K, বা প্রি-K ক্লাসরুমের হয়, তাকে 10 দিনের জন্য আলাদা থাকতে হবে। অনুগ্রহ করে অবিলম্বে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন এবং ফলাফল অবহিত করুন। K–12 শিক্ষার্থী কোভিড-19 (COVID-19) পরীক্ষায় পজিটিভ ফল লাভ করলে এবং বাড়িতে আলাদাভাবে অবস্থান করলে, তাকে অযুগপৎ (অ্যাসিঙ্ক্রোনাস) দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা-নির্দেশনা লাভের এবং শিক্ষকের অফিসের সময় তার সাথে যোগাযোগের ব্যবস্থা দেওয়া হবে।

যদি আপনার সন্তান বিগত 90 দিনের মধ্যে কোভিড-19 (COVID-19) সংক্রমণ থেকে সুস্থ্ হয়ে উঠে থাকে, তবে সে কোনো টেস্ট কিট পাবে না এবং কোভিড (COVID) সদৃশ উপসর্গ বা লক্ষণ দেখা না গেলে স্কুলে অংশগ্রহণ করতে পারবে। আপনার সন্তান যদি অসুস্থ বোধ করে, COVID-19-এর সংস্পর্শে গিয়ে থাকে, কিংবা COVID-19 পরীক্ষায় পজিটিভ ফলাফল লাভ করে, তাহলে আপনার কী কী পদক্ষেপ নেওয়া উচিত, সেটার একটি চার্ট পেতে পারেন schools.nyc.gov/school-life/health-and-wellness ওয়েবপেজ-এ।

## COVID-19 পরীক্ষা কেন্দ্রসমূহ

ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) পাঁচটি বরো জুড়ে নতুন নতুন টেস্টিং সাইট চালু করা অব্যাহত রেখেছে। সকল শিক্ষার্থী, ভ্যাকসিন গ্রহণকারী হোক-বা না হোক, যাতে PCR, ল্যাব-ভিত্তিক র‍্যাপিড টেস্ট, কিংবা একটি হোম টেস্ট কিট (বাড়িতে পরীক্ষা করার উপকরণ)-এর মাধ্যমে নিয়মিত COVID-19 পরীক্ষা করতে থাকে, আমরা সেটা জোরালো সুপারিশ করি। বাড়িতে করার র‍্যাপিড টেস্ট আছে, তেমন টেস্টিং সাইটসহ সকল সাইটগুলোর একটি তালিকা পেতে হলে 212-COVID19 নম্বরে ফোন করুন, nyc.gov/covidtest ওয়েবপেজ দেখুন, কিংবা "COVID TEST" লিখে 855-48 নম্বরে টেক্সট করুন, অথবা নিকটস্থ টেস্ট সাইটের ঠিকানা পেতে 311 নম্বরে ফোন করুন। তদুপরী. অনেক ফার্মেসি এবং ডাক্তারের অফিস COVID-19 টেস্ট করার সুযোগ দিচ্ছে। অনুগ্রহ করে আপনি একটি টেস্ট-এর সময়সূচি ঠিক করতে পারেন কি না, সেটা জানতে আপনার শিশুরোগ চিকিৎসকের কাছে বা স্থানীয় ফার্মেসিতে খোঁজ নিন।

## উপস্থিতি

### উপস্থিতি বিষয়ে সর্বশেষ সংবাদ

অমিক্রনের ঢেউ চরমে পৌঁছার পর থেকে স্কুলগুলোতে COVID সংক্রমণের হার 95% হ্রাস পাওয়ার রিপোর্টের আলোকে উপস্থিতি নীতি হালনাগাদ করা হয়েছে। এটি অবিলম্বে কার্যকর হবে যে, যেসব শিক্ষার্থী অযুগপৎ (অ্যাসিঙ্ক্রোনাস) দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা-নির্দেশনায় অংশগ্রহণ করবে, তাদেরকে শুধু তখনই উপস্থিত বলে চিহ্নিত করা হবে, যখন তারা একটি পজিটিভ COVID-19 পরীক্ষার ফল লাভের প্রেক্ষিতে সামঞ্জস্যপূর্ণ স্বাস্থ্য নির্দেশনায় আলাদা অবস্থানে থাকবে।

সেসব পরিস্থিতিতে কীভাবে ছেলেমেয়েরা দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা-নির্দেশনা এবং অফিস আওয়ার পেতে পারে, সেবিষয়ে আপনার স্কুল বিস্তারিত তথ্য প্রদান করবে। যেসব শিক্ষার্থী পজিটিভ COVID-19 পরীক্ষার ফল প্রাপ্তি বা স্কুল/ভবন বন্ধ থাকা ব্যতীত অপর কারণে অনুপস্থিত থাকবে, তাদেরকে অনুপস্থিত বলে চিহ্নিত করা হবে এবং দূর থেকে (রিমোট) শিক্ষানির্দেশনায় উপস্থিত বলে আর গণ্য করা হবে না।